120

ভোরের কাগজ

তারিখ JAN. 5. 1999
পৃষ্ঠা ৭ কলাম ৪

ময়মনসিংহে আনুষ্ঠানিক উদ্বোধন

# সারা দেশে প্রাথমিক স্তরের বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ শুরু

ময়মনসিংহ প্রতিনিধি : শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক গত ৩ জানুয়ারি ময়মনসিংহ পুলিশ লাইন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে পাঠ্যপুস্তক বিতরণের মধ্যদিয়ে সারা দেশের প্রাথমিক স্তরের বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন।

পুলিশ লাইন প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান মোহাম্মদ শওকত আলী। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন স্থানীয় সংসদ সদস্য বেগম রওশন এরশাদ, সংসদ সদস্য শামসুল হক, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব ড. সাদত হুসাইন, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. এফ কে চৌধুরী। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে শিক্ষামন্ত্রী বলেন, প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের একযোগে কাজ করে যেতে হবে। এ ক্ষেত্রে শিক্ষকদের দায়িত্ব প্রচুর। গত ২১ বছরের দুর্বল শিক্ষাব্যবস্থার কারণে আমরা অনেক পিছিয়ে পড়েছি।